তাকে ২০২২ সালের সেপ্টেম্বরে গ্রেপ্তার করা হয়েছিল। ফায়োজাহর বিরুদ্ধে কুর্দি তরুণী মাসা আমিনির মৃত্যুর ঘটনায় সৃষ্ট বিক্ষোভে লোকজনকে উসকানি দেওয়ার অভিযোগ আনা হয়েছিল। এই ঘটনায় ফায়োজাহকে পাঁচ বছরের কারাদণ্ড দেওয়া হয়েছিল। পরে তাঁর আবেদনের ভিত্তিতে আপিল বিভাগের রুলে তাঁর মুক্তি মেলে। এর আগে ২০১২ সালে ইরানের বিরুদ্ধে অপপ্রচারের অভিযোগে দেশী স্যাবস্ত করা হয়েছিল ফায়োজাহকে।

Name Change.
I, MD RAKIBUL ISLAM S/O Azzul Haque resident of Vill-Bank Para, P.O.-Saidkhat, P.S.-Nahali Hal Shibdaspur, Dist.-North 24 Parganas, Pin-743145 WEST BENGAL, India do hereby solemnly affirm & declaring my actual name MD RAKIBUL ISLAM instead of RAKIBUL ISLAM, my wife's actual name ULUFA KHATUN instead of LULFA BIBI and my son's actual name MD AHADUL ISLAM instead of AHADUL ISLAM, vide an affidavit sworn before the Ld. Judicial Magistrate 1st Class at Barasat, North 24 Parganas on 19/02/2024. MD RAKIBUL ISLAM and RAKIBUL ISLAM both are same and identical person. LULFA KHATUN and LULFA BIBI both are same and identical person. MD AHADUL ISLAM and AHADUL ISLAM both are same and identical person.

Name Change.
I, Harekshisha Guria S/O Late Pranab Gopal Guria resident of Vill-Dakshin Chandanpuri, P.O. - Chandanpuri, P.S.-Namkhana, Dist-South 24 Parganas WEST BENGAL, India do hereby solemnly affirm & declaring my mother's actual name Lakhi Guria instead of Lakshi Guria, Lakshmi Guria and my father's actual name PRAB GOPAL GURIA instead of PRABAS GOPAL GURIA, vide an affidavit sworn before the Ld. Judicial Magistrate 1st Class at Kaddipur, South 24 Pgs. Lakhi Guria, Lakshi Guria and Lakshmi Guria all are same and identical person. PRANAB GOPAL GURIA and PRANAB GURIA both are same and one identical person.

Name Change.
I, SUSANTA BISWAS (Old Name) S/O SUSHIL BISWAS, Residing at Vill-Mugraip, P.O.-Chandandaha, P.S.-Taherpur, Nadia, Pin-741121, West Bengal, have changed my name and shall henceforth be known as SUSHANTA BISWAS (New Name) as declared before the Notary Public Govt. of India vide affidavit Dated 20-09-2024. SU-SANTA BISWAS (Old Name) and SUSHANTA BISWAS (New Name) both are same and one identical person.

Name Change.
I, Nooreen Fatima (Old Name) D/o. Mohammad Jawed W/o. Nadeem Ahmad Residing at 15a/1,G.J., Khan Road, Tl-jala, District - 24 Pgs (S), Pin - 700039,W.B have changed my name and shall henceforth be known as Naureen Fatama (New Name) as declared before the Notary Public, Kolkata vide affidavit Dated 20-09-24. Noureen Fatama (New Name) and Nooreen Fatima (Old Name) both are same and one identical person

Name Change.
I, (Old Name) BAZLUR RAHAMAN S/o- MD REFATULLAH, Residing at, Vill- Jhunka, Post- Jhunka, Ps- Beldanga, Dist- Murshidabad, Pin- 742134, West Bengal. Do hereby declare that I have Changed my name from BAZLUR RAHAMAN to MD BAZLUR RAHAMAN (New Name) and henceforth I shall be Known as (New Name) MD BAZLUR RAHAMAN in all purpose Vide an affidavit Sworn before the notary public at Berhampore Murshidabad On 23 Aug 2024. MD BAZLUR RAHAMAN and BAZLUR RAHAMAN both are Same and one identical person.

Name Change.
I, (Old Name) SUMON PRAMANICK S/O-NITYANANDA PRAMANICK, Residing at, Vill- Ulsai, Post- Ulsai, Ps- Hanskhal, Dist- Nadia, Pin- 741502, West Bengal. Do hereby declare that I have Changed my name from SUMON PRAMANICK TO SUMAN PRAMANICK (New Name) and henceforth I shall be Known as (New Name) SUMAN PRAMANICK in all purpose Vide an affidavit Sworn before the notary public at Berhampore Murshidabad On 12 Sep 2024. SUMAN PRAMANICK and SUMON PRAMANICK both are Same and one identical person.

Name Change.
I, (Old Name) PABITRA DEY S/O-BISWANATH DEY, Residing at, 73/2, S.C Aown Road, Post & Ps- Rishra, Dist- Hoogly, Pin- 712248, West Bengal. Do hereby declare that I have Changed my name from PABITRA DEY TO PABITRA DE. (New Name) and henceforth I Shall be Known as (New Name) PABITRA DE in all purpose Vide an affidavit No- 1623 Sworn before the notary public at Berhampore Murshidabad On 12 Sep 2024. PABITRA DE and PABITRA DEY both are Same and one identical person.

Name Change.
I, (Old Name) SUJATA DEY W/o- PABITRA DE, Residing at, 73/2, S.C Aown Road, Post & Ps- Rishra, Dist- Hoogly, Pin- 712248, West Bengal. Do hereby declare that I have Changed my name from SUJATA DEY TO SUJATA DE. (New Name) and henceforth I Shall be Known as (New Name) SUJATA DE in all purpose Vide an affidavit No- 1624 Sworn before the notary public at Berhampore Murshidabad On 12 Sep 2024. SUJATA DE and SUJATA DEY both are Same and one identical person.

Name Change.
I, (Old Name) ANUKUL KUMAR BISWAS S/o- AMULYA BISWAS, Residing at, Vill- Swarnakhal, Post- Swarnakhal, Ps- Krishnagan, Dist- Nadia, Pin- 741506, West Bengal. Do hereby declare that I have Changed my name from ANUKUL KUMAR BISWAS TO ANUKUL BISWAS (New Name) and henceforth I Shall be Known as (New Name) ANUKUL BISWAS in all purpose Vide an affidavit Sworn before the notary public at Berhampore Murshidabad On 12 Sep 2024. ANUKUL BISWAS and ANUKUL KUMAR BISWAS both are Same and one identical person.

বিচারককে গুলি করে হত্যা

যুক্তরাষ্ট্রের কেষ্টাকি অঙ্গরাজ্যে আদালত ভবনের ভেতরে বস্খিতগুার পর এক বিচারককে গুলি করে হত্যার অভিযোগে এক শেরিফকে গ্রেপ্তার করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার এ ঘটনা ঘটে বলে জানিয়েছে পুলিশ। ৪৩ বছর বয়সী ওই শেরিফের নাম মিকি স্টিনেস। তিনি কেষ্টাকি অঙ্গরাজ্যের লোচার কাউন্টির শেরিফ। কেষ্টাকি অঙ্গরাজ্য পুলিশের এক বিবৃতিতে বলা হয়, লোচার কাউন্টি আদালত ভবনে বিচারক কেভিন মুলিন্সকে গুলি করে হত্যা করা হয়। ৫৪ বছর বয়সী মুলিন্স ডিস্ট্রিক্ট কোর্টের বিচারক ছিলেন। বিবৃতিতে আরও বলা হয়, কোনো ধরনের অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি ছাড়াই শেরিফ মিকি স্টিনেসকে নিরাপত্তা হেফাজতে নেওয়া হয়েছে। বিচারককে গুলি করার পেছনে কোনো উদ্দেশ্য ছিল কি না, তা উল্লেখ করেন পুলিশ। স্টিনেসের বিরুদ্ধে পূর্বপরিষ্কৃতভাবে হত্যার (ফার্স্ট ডিগ্রি মার্ডার) একটি অভিযোগ আনা হয়েছে। এঙ্গে দেওয়া পোস্টে কেষ্টাকির গভরর অ্যান্ডি বেশিয়ার লিখেছেন, ‘এ বিশ্বে অনেক বেশি সহিষনতা হচ্ছে। সুন্দর আগামীর পথ তৈরি হওয়ার জন্য প্রার্থনা করছি।’ কেষ্টাকির আর্টিন জেনারেল রাসেল কোলম্যান সামাজিক যোগাযোগমাধ্যমে লিখেছেন, তাঁর কার্যালয় এ মামলাটি

নিয়ে বিশেষ কৌঁসুলির সঙ্গে কাজ করছে। তিনি আরও বলেন, ‘আমরা পুরোপুরি তদন্ত করব এবং ন্যায়বিচার চাইবা।’কেষ্টাকির বিচার বিভাগের পক্ষ থেকে সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া পোস্টে বলা হয়েছে, আজ (বৃহস্পতিবার) লোচার কাউন্টিতে যে মামলিক ঘটনা ঘটেছে, সে সম্পর্কে আদালত অবগত আছে। অঙ্গরাজ্য পুলিশকে তাদের তদন্তে পুরোপুরি সহযোগিতা দেওয়ার আশ্বাস দেওয়া হয়েছে।’ লোচার কাউন্টির হুইটসবার্গ আসনে এ গোলাগুলির ঘটনা ঘটেছে। লুইসভিলে থেকে প্রায় ২২০ মাইল দক্ষিণপূর্বে এবং ডার্জিনিয়া সীমান্তের কাছে হুইটসবার্গের অবস্থান। হুইটসবার্গভিত্তিক সংবাদমাধ্যম দ্য মাইউটেন ইগলের প্রতিবেদনে ঘটনার বর্ণনা দিয়ে বলা হয়, স্টিনেস প্রথমে ওই বিচারকের কার্যালয়ের অভ্যর্থনা কক্ষে যান। সেখানে তিনি আদালতের কর্মীদের বনেন যে বিচারক মুলিন্সের সঙ্গে তাঁর একান্তে কথা বলা প্রয়োজন। এরপর মুলিন্সের কার্যালয়ে তাঁর সঙ্গে কথা বলতে যান স্টিনেস। তখন দরজা বন্ধ করে দেওয়া হয়। পরে ভেতর থেকে গুলির শব্দ পাওয়া যায়। মাইউটেন ইগলের প্রতিবেদনে আরও বলা হয়েছে, ঘটনার পর স্টিনেস তাঁর হাত উঁচু করে হেঁটে বের হয়ে আসেন এবং পুলিশের কাছে আত্মসমর্পণ করেন।

২৫ তম বর্ষে আন্স্পায়ারস অব ক্রিকেট এসোসিয়েশন অব বেঙ্গল



মুমিত পালিত, কলকাতা, ২০ সেপ্টেম্বরঃ আন্স্পায়ারস অব ক্রিকেট এসোসিয়েশন অব বেঙ্গল দেখাত দেহাতে ২৫ বছরে পা রাখল। ২০ সেপ্টেম্বর সকালে ইডেন গার্ডেনের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হলো ২৪ বছর পূর্তি অনুষ্ঠান। প্রতিবছরের মতো এই বছরও এই অনুষ্ঠানকে কেন্দ্র করে ব্যবস্থা করা হয় রক্তদান শিবির সহ বিভিন্ন হেলথ চেকআপের। এদিন প্রায় ৬০ জন রক্তদাতা স্বেচ্ছায় রক্তদান করেন। ছিল ব্লাড সুগার, ব্লাড প্রেসার, ইসিজি, বোন ডেনসিটি সহ বিভিন্ন ধরনের পরীক্ষা। এদিন সিএবি প্রেসিডেন্ট মোহাশী গাঙ্গুলী প্রাক্তন ক্রিকেটার বুলন গোস্বামী, সৌরভ গাঙ্গুলী, পিচ বিউরেটর সুজন মুখার্জী, সিএবির আন্স্পায়ার্স কমিটির চেয়ারম্যান প্রসেনজিৎ ব্যানার্জী, আন্স্পায়ার্স এসোসিয়েশন সেক্রেটারি কনিষ্ক রায়চৌধুরী, অবজারভার কমিটির চেয়ারম্যান শ্রীমন্ত মল্লিক সহ রূপালি পর্দার কয়েকজন অভিনেতা অভিনেত্রী ছিলেন। ছিলেন সিএবি আন্স্পায়াররাও। তারা সমন্বরে সিএবির আন্তরিকতায় মুগ্ধতা

প্রকাশ করেন। সিএবি প্রেসিডেন্ট মোহাশী গাঙ্গুলী আন্স্পায়ারদের বীমা ও স্বাস্থ্য বীমা ক্ষেত্রে সিএবি যে তৎপর সে ব্যাপারেও আলোকপাত করেন এবং এই উদ্যোগের ভূয়সী প্রশংসা করেন। পরিসেয়ে সংস্থার সম্পাদক কনিষ্ক রায়চৌধুরী জানানলেন আগামী বছর রক্ত জয়ন্তী বড় উপলক্ষে আরো বড় রকমের কিছু ভাবনা থাকবে। এছাড়াও আন্স্পায়ারদের মানোন্নয়নের এবং অন্যান্য মার্কমীদের মানোন্নয়নের জন্যও তারা এবং সিএবি আন্তরিকভাবে কাজ করে চলেছে।

ট্রেনে সুরক্ষা ব্যবস্থা বৃদ্ধি করতে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের একাধিক পদক্ষেপ

মালিগাঁও, ২০ সেপ্টেম্বরঃ যাত্রার সময় যাত্রীদের সুরক্ষা ও সুস্থতাকে অগ্রাধিকার দেওয়াই উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের প্রধান লক্ষ্য। এর জন্য তার পরিকাঠামোর আধুনিকীকরণ ও উন্নীতকরণের প্রচেষ্টা অব্যাহত রাখা হয়েছে, যাতে সুরক্ষা ও স্বাস্থ্যদ্রের উচ্চ মানদণ্ড পূরণ করা যায়। ভারতীয় রেলওয়ের আধুনিকীকরণের প্রচেষ্টা অনুযায়ী, উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে তার রুটগুলিতে চলাচল করা ট্রেনগুলিতে প্রচলিত আইসিএফ কোচগুলিকে আধুনিক লিংকে হফম্যান বুশ (এলএইচবি) কোচে রূপান্তর করার কাজ চালাচ্ছে। এই আধুনিক এলএইচবি কোচগুলি ফায়ার অ্যান্ড স্মোক ডিটেকশন সিস্টেম (এফএসডিএস), ফায়ার ডিটেকশন স্যাপ্রেশন সিস্টেম (এফডিএসএস)-এর পাশাপাশি অ্যারোসল ভিত্তিক ফায়ার ডিটেকশন সিস্টেমের মতো অত্যধুনিক প্রযুক্তির দ্বারা সজ্জিত। বর্তমানে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের অধীনে মোট এলএইচবি



রেকের সাথে ৬২ জোড়া ট্রেন পরিচালনা করা হচ্ছে (নতুন প্রবর্তন সহ)।

এলএইচবি কোচগুলি সংঘর্ষ প্রতিরোধী প্রযুক্তি দ্বারা নির্মাণ করা হয়েছে, যার ফলে দুর্ঘটনার সময় প্রাণহানি কম হয়। এছাড়াও, উচ্চ গতির সময় দক্ষ ব্রেকিং ব্যবস্থার

জন্ম প্রত্যেকটি কোচে রয়েছে একটি করে ‘‘অ্যডভান্সড নিউমোটিক ডিস্ক ব্রেক সিস্টেম। মোট ১০৬০টি এলএইচবি এসি কোচে এফএসডিএস, ১৫৩টি পাওয়ার কার এবং ৬৮টি প্যাস্টি কারে এফডিএসএস স্থানন করা হয়েছে। পাশাপাশি ২৬৭টি এসি কোচ

অ্যারোসল ভিত্তিক ফায়ার ডিটেকশন সিস্টেম দ্বারা সজ্জিত করা হয়েছে। ট্রেনে আগুন শনাক্তকরণ ব্যবস্থার ফলে অনাকাঙ্খিত অগ্নিকণ্ডের সম্মুখীন হওয়া ট্রেনের যে কোনও কোচের অবস্থান নিরীক্ষণে সাহায্য হয় এবং এর প্রতিরোধের জন্য অ্যালার্ম

বাজাতেও সাহায্য করে। অগ্নিকণ্ডের ঘটনা শনাক্তকরণের পূর্বাভাস এবং নির্ভরযোগ্য সতর্কবাণী আতঙ্ক ও আঘাত প্রতিরোধ করতে পারে, যার ফলে ট্রেন পরিবহায় ব্যাঘাত সৃষ্টিকারী জীবন ও সম্পত্তির ক্ষতি কম হয়। সুরক্ষা ব্যবস্থার উন্নতির লক্ষ্যে সমস্ত পাওয়ার কার, প্যাস্টি কার এবং এসি কোচগুলিকে পর্যায়ক্রমিকভাবে উপযুক্ত অগ্নি নির্বাপন ব্যবস্থা দ্বারা সজ্জিত করা হচ্ছে।

রেলের নিরাপত্তার উন্নয়ন একটি ধারাবাহিক প্রক্রিয়া এবং এর উন্নয়ন করার জন্য ক্রমাগত প্রচেষ্টা চালানো হয়।

পাশাপাশি, সম্পদ রক্ষণাবেক্ষণ, সুরক্ষা প্রক্রিয়া ও পদ্ধতিগত ত্রুটির দুর্বল স্থানগুলি চিহ্নিত করতে এবং যে কোনও অপ্রীতিকর ঘটনা প্রতিরোধের উপায় প্রদান করতে নিম্নিত্ত বিরতিতে রেলের পরিকাঠামোর পর্যায়ক্রমিক সুরক্ষা অভিযান, সুরক্ষার পরীক্ষা-নিরীক্ষাপরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করা হয়।

বাজাতেও সাহায্য করে। অগ্নিকণ্ডের ঘটনা শনাক্তকরণের পূর্বাভাস এবং নির্ভরযোগ্য সতর্কবাণী আতঙ্ক ও আঘাত প্রতিরোধ করতে পারে, যার ফলে ট্রেন পরিবহায় ব্যাঘাত সৃষ্টিকারী জীবন ও সম্পত্তির ক্ষতি কম হয়। সুরক্ষা ব্যবস্থার উন্নতির লক্ষ্যে সমস্ত পাওয়ার কার, প্যাস্টি কার এবং এসি কোচগুলিকে পর্যায়ক্রমিকভাবে উপযুক্ত অগ্নি নির্বাপন ব্যবস্থা দ্বারা সজ্জিত করা হচ্ছে।

রেলের নিরাপত্তার উন্নয়ন একটি ধারাবাহিক প্রক্রিয়া এবং এর উন্নয়ন করার জন্য ক্রমাগত প্রচেষ্টা চালানো হয়। পাশাপাশি, সম্পদ রক্ষণাবেক্ষণ, সুরক্ষা প্রক্রিয়া ও পদ্ধতিগত ত্রুটির দুর্বল স্থানগুলি চিহ্নিত করতে এবং যে কোনও অপ্রীতিকর ঘটনা প্রতিরোধের উপায় প্রদান করতে নিম্নিত্ত বিরতিতে রেলের পরিকাঠামোর পর্যায়ক্রমিক সুরক্ষা অভিযান, সুরক্ষার পরীক্ষা-নিরীক্ষাপরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করা হয়।

কদমতলা মহিলা দুর্গোৎসব কমিটি আয়োজিত পুজোর দশ

দুরন্ত বার্তা, জিরানপুর, ২০ সেপ্টেম্বর : এই গ্রামে কোনও দুর্গাপূজো আগে হত না। পুজোর দিনে দূর থেকে ভেসে আসা পুরোহিতের মন্ত্রোচ্চারণ আর ঢাকের আওয়াজে মন ভরা হত এখানকার সকলের। প্রায় দেড় কিমি উজিয়ে মহাষ্টমীর অঞ্জলি দিতে যাওয়াও ছিল খুব মুশকিলের। সবমিলিয়ে পুজোয় নিমন্ত্রণ থাকত কোচবিহার-১ রুকের জিরানপুর গ্রাম পঞ্চায়েতের ছাট রুয়েরকু টি কদমতলায়। এই পরিস্থিতিতে ২০১৫ সালে গ্রামের মহিলারাই এগিয়ে আসেন। তাঁদের উদ্যোগেই শুরু হয় এখানকার একমাত্র পুজো। মায়ে প্রচুর বাধা এলেও সেসব উত্বরে এবার কদমতলা মহিলা দুর্গো্‌সব কমিটি আয়োজিত পুজোর দশ বছর। ইতিমধ্যেই যার প্রস্তুতি চলছে বলে জানা গিয়েছে। স্থানীয় বাসিন্দারা অনেকের এখন দম ফেলার ফুরসত নেই। সকাল থেকে ঘরকন্না সামলে রাজ বিকালে তাঁরা পুজোর প্রস্তুতিতে ব্যস্ত থাকছেন। প্রয়োজন অনুযায়ী গ্রামের বাকিরাও তাঁদের সাহায্য করছেন। এই গ্রামে হাতেগোনা কয়েকটি হিন্দু



পরিবারের বাস। পুজো আয়োজনের ক্ষেত্রে যা অন্যতম প্রতিবন্ধকতা ছিল। কিন্তু মহিলারা একবার পুজো আয়োজনে উদ্যোগী হতেই গ্রাম ও সংলগ্ন এলাকার বাসিন্দারা জাতিধর্মনির্বিশেষে সাহায্যের হাত বাড়িয়ে দিচ্ছেন বলে জানতে পারা গিয়েছ। পুজো কমিটির সম্পাদক বললেন, ‘কতদিন পুজো চালাতে পারব সেই ভয় শুরু থেকেই ছিল। কিন্তু মা দুর্গার আশীর্বাদ এবং সকলের সহায়তাকে সঙ্গে নিয়ে আমরা ধারাবাহিকভাবে পুজোর আয়োজন করতে পারছি।’ গত চার বছর ধরে এই পুজো রাজ্য সরকারের আর্থিক অনুদান পাচ্ছে। পুজো কমিটির

কোষাধ্যক্ষ জানালেন, ‘ মূল্যবন্দির ফলে পুজোর খরচ প্রায় দ্বিগুণ হয়েছে। তাই এখন শুধু নিজেদের আর্থিক সাহায্য ও সংগৃহীত চাঁদার ওপর ভরসা করে পুজো করা অত্যন্ত কঠিন। এক্ষেত্রে রাজ্য সরকারের আর্থিক অনুদানের জন্য পুজোয় সুবিধা হয়েছে।’ জাঁকজমকের পরিবর্তে নিয়মনিষ্ঠা এই পুজোর মূল সম্পদ। এখানে পুজোর দিনগুলিতে সকলে মিলে সাংস্কৃতিক অনুষ্ঠান, অভূড়া, গল্পে মেতে থাকেন। আর তাতেই জমে থাকা রুদ্রি আর নিজেদের অঙ্গশ্ৰুপ্রাপ্তি, বেদনাগুলো কোথায় যেন চলে যায়। আনন্দে কয়েকটা দিন বেশ কেটে যায়।



জলপাইগুড়ি মেডিক্যাল কলেজের জেলা সদর হাসপাতাল চক্কর জুড়ে রাতভর চললো ছবি আঁকা। আরজি করের ঘটনার প্রতিবাদ। সেই সঙ্গে নারীদের নিরাপত্তার দাবিতে ছবি এঁকে নিজেদের দাবি তুলে ধরলেন মেডিক্যাল এর দ্বিতীয় বর্ষের পড়ুয়ারা।

কল্যাণীর বিধায়ক অশ্বিকা রায়ের বাড়ির সামনে বিজেপির বিক্ষোভ



দুরন্ত বার্তা, নদীয়া, ২০ সেপ্টেম্বর : নদীয়ার কল্যাণি বিধানসভার বিধায়ক অশ্বিকা রায়ের বাড়িতে বিজেপি কর্মীদের বিক্ষোভ। অভিযোগ গতকাল রাতে কল্যাণী সেন্ট্রাল পার্কে বিজেপির পার্টি অফিসে (শ্যামাপ্রসাদ ভবনে) বিজেপি ব্লব মর্চারে নেতা সুকদেব মাইতি কে বেধড়ক মারধর করে বিধায়ক অশ্বিকা রায়ের আশ্রিত দুষ্কৃতীরা। ঘটনায় পার্টি অফিসে থাকা মহিলাদেরও শ্লীলতাহানি করার অভিযোগ বিধায়ক আশ্রিত দুষ্কৃতীদের বিরুদ্ধে। যদিও এর পর বিজেপির পক্ষ থেকে প্রাণ সংশয়ের আশা নিয়ে কল্যাণী থানায় লিখিত অভিযোগ করা হয়। এরপর আজ বিধায়কের বাড়ির সামনে বিজেপি কর্মীরা ক্ষুব্ধ হয়ে বিক্ষোভ দেখান। ভাঙা হয় বিধায়কের গাড়ির কাঁচ। আন্দোলন করী দের দাবি বিধায়কের পদত্যাগ। যদিও এই বিষয়ে বিধায়কের এখনো কোনো প্রতিক্রিয়া পাওয়া যাইনি। ঘটনাস্থলে রয়েছে পুলিশ। এলাকায় চরম উত্তেজনা।

পুজো কমিটিগুলোর হাতে পুজোর অনুদান তুলে দেওয়া হল ধুপগুড়িতে

দুর্গা পুজো হাতে-গোনা মাত্র আর কয়েকদিন বাকি, এরই মধ্য পুজো কমিটিগুলোর হাতে পুজোর চেক (অনুদান) তুলে দেওয়া হল ধুপগুড়ি তো মুখ্যমন্ত্রী মমতা বানার্জির যোচিত দুর্গা পুজো ২০২৪ এর অনুদান ৭৫ হাজার থেকে বাায়ে ৮৫ হাজার টাকা ক্লাবগুলিকে দেওয়ার ঘোষণা করেছিলেন মুখ্যমন্ত্রী। তারই বাস্তবত রূপ পেলো। ১১৬ টি ক্লাবের হাতে চেক প্রদান করলেন জলপাইগুাঁ জেলার ধুপগুড়ি থানা প্রশাসনের পক্ষ থেকে। উপস্থিত ছিলেন ধুপগুড়ির মহকুমা শাসক, বিভিন্ন ধুপগুড়ির আইসি এবং ধুপগুড়ির বিধায়ক সহ বিশিষ্ট জনেরা। চেক হাতে পেয়ে খুশি পুজো কমিটির সদস্যরা।

শারদীয়ার সঙ্গে তিলোত্তমার বিচার, নিরাপত্তায় বাড়তি নজর জেলা পুলিশের

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি , ২০ সেপ্টম্বর : এগিয়ে আসছে শারদীয়া উৎসব, এরই সঙ্গে চলছে তিলোত্তমার বিচার চেয়ে নিত্য দিনের নানান কর্মসূচি। এমন আবহে নিরাপত্তায় বাড়তি নজর জেলা জুড়ে শুরু করছে জলপাইগুড়ি জেলা পুলিশ প্রশাসন। তারই অঙ্গ হিসেবে বৃহস্পতিবার গভীর রাত পর্যন্ত জলপাইগুড়ি শহরের বিভিন্ন এলাকায় চলে নাকা চেকিং, সহ পুলিশের মহিলা বাহিনী উইনার্স দলের টহল। এই প্রসঙ্গে জেলা সদরের অতিরিক্ত পুলিশ সুপার জানান, শহরের মূল কেন্দ্র গুলোর পাশাপাশি বিভিন্ন এলাকায় নজরদারি বাড়ানো হয়েছে।

বাস-র উদ্বোধন করলেন উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার চেয়ারম্যান

কোচবিহার,২০ সেপ্টেম্বর : বৃহস্পতিবার দুপুরে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন নিগমে কোচবিহার সেন্ট্রাল বাস টার্মিনাসে একটি এস রাক্টে বাস, দুটি নন এসি রাক্টে বাস, দুটি সি.এন.জি বাস এর উদ্বোধন করলেন উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার চেয়ারম্যান পার্থপ্রতিম রায়। আজ নতুন বাস উদ্বোধনের পাশাপাশি সফল কর্মীনের পুরস্কার বিতরণ অনুষ্ঠান হয় এই অনুষ্ঠানে। উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন নিগমের চেয়ারম্যান পার্থ প্রতিম রায় সহ ডিরেক্টর দীপঙ্কর পিঁপলাই এই দিন ফিতে কেটে এবং সবুজ পতাকা নাড়িয়ে বাস গুলোর শুভ উদ্বোধন করেন। তার পাশাপাশি সংস্থার কর্মীদের ভালো কাজের জন্য পুরস্কৃত করা হয়।

বাঁশের সাঁকোই যাতায়াতের ভরসা বঞ্চুকামারির বাসিন্দাদের

২০ সেপ্টেম্বর : সিকিয়াঝোরা নদীর উপর নড়বড়ে একটি ভাঙাচোরা দুর্বল বাঁশের সাঁকো। যা দিয়ে প্রায় ২০০টি পরিবারের যাতায়াত করেন। কিন্তু কি বর্ষায় সেটি যথারীতি ভেঙে পড়ে। ফলে, জলমগ্ন হয়ে প্রায় বিচ্ছিন্ন দ্বীপবাসীর মতো থাকতে হয় ওই এলাকার মানুষজনকে। গত কয়েক বছর ধরে নিয়মিত এমন ঘটনাই ঘটছে আলিপুরদুয়ার-১ ব্লকের বঞ্চুকামারির ১২১১৬ নম্বর বুথে। প্রতি বছর বর্ষায় সাঁকোটি ভাঙলেও স্থানীয় প্রশাসন থেকে নতুন করে সেটি তৈরি বা সংস্কার করা হয় না বলে এলাকাবাসীর অভিযোগ। এমনকি, স্থানীয় বাসিন্দারা প্রয়োজনের তাগিদে নিজেদের পকেটের পয়সা খরচ করে সেটি সংস্কার করে পারাপার করেন বলে দাবি জানান। এখন ওই সাঁকোটির জায়গায় দ্রুত নতুন পাকা সেতু তৈরির দাবি জানান এলাকার বাসিন্দারা। বৃহস্পতিবার বঞ্চুকামারির ১২১১৬ নম্বর বুথে গিয়ে দেখা যায়, পুরোনো কাঠের পাটাতনের উপর থাকা বাঁশের সাঁকো দিয়ে স্থানীয়রা চলাফেরা করছেন। এ ব্যাপারে স্থানীয় বাসিন্দা বৃথুরাম ওরাও জানান, এলাকার প্রায় ২৫০টি পরিবারের ওই বাঁশের সাঁকো ছাড়া যাতায়াতের বিকল্প কোনও পথ নেই। কারণ, অন্য পাশে আরেকটি রাস্তা থাকলেও সেখানে থাকা দুটি বাঁশের সাঁকো পুরোপুরি ভেঙে পড়ে রয়েছে। স্বভাবতই ওই পথে যাতায়াত কার্যত বন্ধ হয়ে পড়েছে। কিন্তু এই রাস্তায় থাকা বাঁশের সাঁকোটি কয়েকদিন আগেও ভাঙা অবস্থায় পড়েছিল। সেতুটির এমন বেহাল দশার জন্য খুদে পড়ুয়াদের স্কুলে যাতায়াতে ব্যাপক সমস্যা দেখা দিয়েছে। শুধু তাই নয়, প্রতি বছর বর্ষায় ওই এলাকার বাসিন্দাদের কার্যত একেবারে জনবিচ্ছিন্ন অবস্থায় দিন কাটাতে দেখা যায় বলে তাদের দাবি। তাই, দ্রুত ওই বাঁশের সাঁকোটির জায়গায় নতুন পাকা সেতু তৈরির দাবি জানান। এদিন ওই এলাকায় গিয়ে দেখা গেল, সাঁকোটি দিয়ে সহিকেল নিয়ে চলাচল করা গেলেও দু'চাকার গাড়ি নিয়ে পারাপার করা সম্ভব নয়। স্থানীয়রা জানান, বর্ষায় প্রায় গোটা এলাকা জলমগ্ন হওয়ায় তখন এখানে যাতায়াতের একমাত্র ভরসা নৌকা। এ প্রসঙ্গে স্থানীয় এক বাসিন্দা জানান, গ্রাম পঞ্চায়েতের সহযোগিতায় দিনকয়েক আগে কাঠের খুঁটি লাগিয়ে যাতায়াতের জন্য নড়বড়ে সাঁকোটিকে আংশিক মেরামত করা হয়েছিল। এ বিষয়ে প্রশাসনের নানা মহলে লিখিত এবং মৌখিকভাবে কয়েকবার জানানো হলেও এখনও কাজের কাজ কিছুই হয়নি।

অর্থলগ্ন করে গলায় জুতার মালা পরিয়ে প্রকাশ্য রাস্তায় ঘোরানো হল এক মহিলাকে

দুরন্ত বার্তা, মেখলিগঞ্জ , ২০ সেপ্টেম্বর : এ যেন মধ্য যুগীয় ঘটনা।দুশ্চরিত্রা আখ্যা দিয়ে অর্থলগ্ন করে, গলায় জুতার মালা পরিয়ে প্রকাশ্য রাস্তায় ঘোরানো হল এক মহিলাকে। যার ভিডিও সামাজিক মাধ্যমে ভাইরাল। চরম অপমানে আত্মঘাতী হওয়ার চেষ্টা করল লাঞ্জিতা ওই গৃহবধূ। কোচবিহার জেলার চ্যারাবান্ধা গ্রাম পঞ্চায়েত এলাকায় এই ঘটনা ঘিরে তুমুল চাঞ্চল্য ছড়িয়ে পড়েছে। বর্তমানে মেখলিগঞ্জ মহকুমা হাসপাতালে ভর্তি রয়েছেন অসুস্থ ওই গৃহবধূ। ঘটনার প্রেক্ষিতে মেখলিগঞ্জ থানায় লিখিত অভিযোগ দায়ের হয়েছে। এই ঘটনায় যুক্ত সন্দেহে এলাকা থেকে গ্রেফতার করা হয়েছে পাঁচ মহিলাকে। এদিন ধৃতদের মেখলিগঞ্জ মহকু মা আদালতে তোলা হলে বিচারক ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দিয়েছেন। স্থানীয় ও পুলিশ সূত্রে জানা গিয়েছে, স্ত্রী ও পুত্র সন্তানকে নিয়ে চ্যারাবান্ধা গ্রাম পঞ্চায়েতের বড় কামাত এলাকায় বসবাস করেন এক টোটো চালক। তাঁর স্ত্রী কাজের সূত্রে বাইরে থাকেন। দুদিন হল স্বামীর বাড়িতে ফিরেছেন ওই গৃহবধূ।



গ্রামবাসীদের একাংশের অভিযোগ, ওই গৃহবধুর স্বভাব-চরিত্র ভালো নয়। সেজন্য এলাকায় ফেরার পরেই গৃহবধুর বাড়িতে চড়াও হয় গ্রামবাসীদের একাংশ। গৃহবধুকে বাড়ি থেকে টেনেহিঁড়ড় গলায় জুতার মালা পরিয়ে এলাকায় ঘোরানো হয় বলে অভিযোগ। অর্থনগ্ন করে মহিলাকে গণপ্রহার করা হয় বলেও অভিযোগ। এই ঘটনার পরেই অপমানে আত্মঘাতী হওয়ার চেষ্টা করে ওই গৃহবধূ। সংকটজনক

নারী নিগ্রহে পুজোয় সরব যৌনকর্মীরা

দুরন্ত বার্তা, কোচবিহার, ২০ সেপ্টেম্বর : নারী নির্যাতনের বিরুদ্ধে এবার কোচবিহারের যৌনকর্মীরাও গর্জে উঠেছেন। এবারে তাঁদের আয়োজিত দুর্গাপুজো থেকে আরজি কর কাণ্ড সহ দেশের বিভিন্ন জায়গায় ঘটা নারী নির্যাতনের ঘটনার প্রতিবাদ জানানো হবে। কোচবিহার শহরের ৬ নম্বর ওয়ার্ডের প্রিয়গঞ্জ কলোনিতে যৌনকর্মীদের ৬৮তম দুর্গাপুজোর প্রস্তুতি শুরু হয়েছে। জোরকদমে মণ্ডুপ গাড়ার কাজ চলছে। পুজো কমিটির সম্পাদক বিজলি ঘোষের কথায়, ‘ পুজোয় এই এলাকায় বহু মানুষের সমাগম হয়। নারী নির্যাতনের প্রতিবাদে এখানে ব্যানার, পোস্টার লাগানো হবে।’ যৌনকর্মীদের দাবি, ‘তিলোত্তমার বিচার চাই।’ প্রিয়গঞ্জ কলোনি কাঁলীবাড়ি ইউনিটের স্থায়ী মন্দিরে প্রতিবছরই দুর্গাপুজো হয়। মূলত সেখানকার যৌনকর্মী ও স্থানীয় বাসিন্দারাই সেই পুজোর আয়োজন করেন। চাঁদা সংগ্রহ, পুজোর কেনাকাটা, প্রসাদ বিতরণ, সমস্ত তাঁরা নিজেদের হাতেই করেন। স্থায়ী মন্দিরে সারাবছরই কালীপুজো করা হয়। দুর্গাপুজোর জন্য কয়েক মাস আগে থেকে সেখানে প্রস্তুতি শুরু হয়েছে। স্থায়ী মন্দিরেই পুজো তৈরি করা হচ্ছে। বাঁশ, গাছের ডাল, কাপড় দিয়ে কাল্পনিক মন্দিরের আদলে



মণ্ডুপ তৈরি হচ্ছে। দুটি প্রতিমার আয়োজন করা হচ্ছে। সেগুলির একটিতে পুজো হবে। অন্যটি প্রদর্শনীর জন্য থাকবে। পুজোর বাজেট প্রায় সাড়ে চার লক্ষ টাকা। পুজো এগিয়ে আসতেই আয়োজকদের ব্যস্ততা বেড়েছে। তাপসী দাশ, ছবি দাস, স্বপ্না বর্মনদের সহা গেল নিজেদের কাজের ফাঁকে মণ্ডুপ গারর কাজের তদারকি করছেন। আয়োজক রেখা রায় বলেছেন, ‘ মেনে প্রতি বছর এই পুজো হয়। এবার আমরা কার্নিভালেও অংশ নেব।’ স্থানীয় কাউন্সিলারের বক্তব্য, ‘

বিচারের দাবিতে অনড় থেকেই উৎসবে ফেরার আহ্বান মহিলা ঢাকিদের

দুরন্ত বার্তা, বারাসত, ২০ সেপ্টেম্বর : বছরের অন্যান্য সময় কেউ বিডি বাঁধেন, কেউ সেলাইয়ের কাজ করেন, কেউ বা পাট ছাড়ানোর কাজ করেন। কিন্তু এই কাজের মধ্যেও তাঁদের মন পড়ে থাকে উমার আগমনে ঢাকের বোলা তৈয়ারি জন্য। কারণ, এই সময়ে মোটা উপার্জন হয়। কিন্তু এবছর আর জি কর কাণ্ডের জেরে উৎসবে ভাটা পাচ্ছে। একের পর এক অনুষ্ঠান বাতিল হচ্ছে তাঁদের। তাই তরুণী চিকিৎসকের ন্যায়বিচার চাওয়ার পাশাপাশি উৎসবে ফেরার আহ্বান জানানচ্ছেন অশোকনগর কয়াদাঙার মহিলা ঢাকিরা। এঁদের সংখ্যা কমবেশি ৭০জন। এছাড়াও পুজোর মরশুমে অন্যান্য শাজের কাজে যুক্ত থাকেন আরও ২০-২৫জন মহিলা।

সবমিলিয়ে মহিলাদের সংখ্যা প্রায় ১০০জন। প্রতি বছর কলকাতা-সহ উত্তরবঙ্গ, রাজ্যের একাধিক জেলা ছায়ে দিল্লি, গুৱগাঁও, মুম্বাইয়ের মতো ভিনরাজেও তাঁদের অনুষ্ঠানের বুকি থাকে। কিন্তু এবছর দুর্গোপসের আগে আগস্ট মাসে ১ তারিখ কলকাতার বুকে ঘটে গিয়েছে নারকীয় ঘটনা। আর জি কর কর্মত অবস্থায় ঘর্ষণের পর খুন করা হয়েছে তরুণী চিকিৎসকে। তার বিচারের দাবিতে ‘দখল’ করেছেন মেয়েরা। কর্মবিরতি করে আঠে দালন চালিয়ে যাচ্ছেন জুনিয়র ডাক্তাররা। প্রায় প্রতিদিনই পথে নেমে প্রতিবাদ করছেন অমজনতা। রাজ্য ছড়িয়ে দেশের বিভিন্ন প্রান্তে এমনকি বিদেশেও আছড়ে পড়েছে প্রতিবাদের ঢেউ।

ফুঁসছে ভাগীরথী, বাড়লো জলস্তর, পূর্ব বর্ধমান এবং নদীয়ার একমাত্র সংযোগকারী ফেরিঘাট বন্ধ করল প্রশাসন

অঞ্জন শুকুল, নদীয়া, ২০ সেপ্টেম্বর : হু হু করে বাড়ছে ভাগীরথীর জলস্তর, বৃহস্পতিবার সকাল থেকেই জল বাড়ার কারণে বুকি নিয়ে পারাপার চলছিল নদীয়ার শান্তিপুর নুসিংহপুর ফেরি ঘাটে। তবে রাত বাড়তেই বাড়লো জলস্তর। ফেরিঘাট সহ পার্শ্ববর্তী বাসস্ট্যান্ড সহ গোটা এলাকায় ঢুকল ভাগীরথীর জল। বর্তমানে ভয়ঙ্কর চেহারা নিয়েছে ভাগীরথী। তবে জল ঢোকার কারণে পূর্ব বর্ধমান এবং নদীয়ার একমাত্র সংযোগকারী ফেরিঘাট নুসিংহপুর ফেরিঘাট বর্তমানে জলের গ্রাসে। সেই কারণেই এবার পূর্ব বর্ধমান জেলা প্রশাসনের নির্দেশে অনিদিষ্ট কালের জন্য বন্ধ হলো নুসিংহপুর ফেরিঘাট। বৃহস্পতিবার মধ্যরাতে পূর্ববর্ধমান জেলা প্রশাসনের নির্দেশে বন্ধ করে দেওয়া হয় নুসিংহপুর ফেরিঘাট। অপর দিকে এই ফেরি ঘাটের উপর নির্ভর নদীয়ার ৩ টি রুটের বাস পরিষেবা সহ টোটো এবং অটো চলাচল। জল বাাার কারণে এবার তাদেরও অসুবিধে হওয়ার আশঙ্কা দেখা দিচ্ছে। যদিও এই বিষয়ে হরিপুর গ্রাম

নাগপুরে গণেশ প্রতিমা বিসর্জনের মর্মাস্তিক পরিণতি



নাগপুর,২০ সেপ্টেম্বর :আলো, বাজনা, বাজি সহযোগে নাগপুরের উমরের শহরে গণেশ প্রতিমা বিসর্জনে ঘিরে চলছিল রাজকীয় আয়োজন। ঠিক সেই সময় ঘটে মর্মান্তিক পরিণতি। বাজি ফেটে আহত হয় অন্তত সাত জন মহিলা। বৃহস্পতিবার রাতে ওই গণেশ মূর্তিটি নিয়ে বিসর্জনের উদ্দেশে শ্রী কৃষ্ণ মন্দিরের দিকে যাওয়ার সময় দুর্ঘটনাটি ঘটে। শোভাযাত্রা চলাকালীন মানুষের ভিড়ের মধ্যেই কয়েকটি আতশবাজি ফাটে। ঘটনায় আহত হয় সাত জন মহিলা।আহতদের সকলকে তাখিা নিয়ে বাওয়া হয় স্থানীয় হাসপাতালে।আহতদের মধ্যে চার জনের অবস্থা আশঙ্কাজনক।

সাফারির টানে বক্সার বিকল্প হয়ে উঠতে চায় চিলাপাতা

দুরন্ত বার্তা, সোনাপুর,২০ সেপ্টেম্বর : দুর্গাপুজোর আর কয়েকদিন বাকি। ইতিমধ্যে গত ১৬ সেপ্টেম্বর থেকে পর্যটকদের জন্য বিভিন্ন জঙ্গলে শুরু হয়েছে সাফারিও। পর্যটনকেন্দ্রগুলোয় বাড়ছে পর্যটকদের আনাগোনা। এই অবস্থায় দুর্গাপুজোর মরশুম থেকে পর্যটন ব্যবসায় উন্নতির আশা দেখছেন আলিপুরদুয়ার-১ ব্লকের চিলাপাতা এলাকার পর্যটন ব্যবসায়ীরা। গত কয়েক বছরের মধ্যে এখানে তৈরি হয়েছে বেশ কয়েকটি ছোট ছোট হোমস্টে। পর্যটকদের জন্য আতিথেয়তার ডালি নিয়ে অপেক্ষা করছে সেইসব প্রপাটিগুলো। গত কয়েক বছরে জেলার অন্যতম এই পর্যটনকেন্দ্রে লজ, রিসর্টে তুলনায় সংখ্যা বেড়েছে হোমস্টেের। পর্যটনের ভরা মরশুমে ভালো লাগেই আশা করছে ওই হোমস্টেগুলো। কেননা বাকি লজ ও রিসর্টের তুলনায় অনেক কম খরচে পর্যটকদের থাকার ব্যবস্থা করা হয় হোমস্টেগুলোতে। কেবল স্থানীয়রাই নন। জেলার পর্যটন মানচিত্রে চিলাপাতা ক্রমশ সামনে চলে আসায় স্থানীয়দের পাশাপাশি বাইরে থেকেও অনেকে এসে জমি লিজে নিয়ে হোমস্টেের ব্যবসা খুলে বসেছেন। সেইসব পর্যটন ব্যবসায়ীদেরও আশা, দুর্গাপুজোয় ভালো ব্যবসা হবে। চিলাপাতার বেশ কয়েকটি রিসর্ট নারী নিয়ে কারবার রেঞ্জ অফিস থেকে সকালে উঠছে। সম্প্রতি চিলাপাতার একটি রিসর্টে



পঞ্চায়েত প্রধান জানান, হটা করে জল বাড়ার কারণে পূর্ব বর্ধমানের জেলা প্রশাসন ঘাট বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছেন। তবে আমরাও হরিপুর গ্রাম পঞ্চায়েত এই বন্যা মোকাবেলার জন্য প্রস্তুত। সব সময় আমাদের ঘাটের তথা অংডালের প্রতিটি জায়গায় নজরদারি চালানো হবে। তবে এই ঘাট বন্ধে সমস্যা়্য পড়বেন নিত্যযাত্রী থেকে শুরু করে

রোগী এবং স্কুল কলেজের ছাত্র ছাত্রীরা। আমরা নদীয়া জেলা প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করবো যাতে বিকল্প কোন ব্যবস্থা করা যায় জুরুরি পরিষেবার ক্ষেত্রে। যদিও ফেরিঘাটের পাশে রয়েছে বাসস্ট্যান্ড আর সেটিও এখন পুরোপুরি জলমগ্ন। অর্থাৎ সবমিলিয়ে নাকাল পরিস্থিতি ভাগীরথীতে জল বেড়ে যাওয়ার কারণে।

আলিপুরদুয়ারে অবৈধ নির্মাণ ভাঙল প্রশাসন

দুরন্ত বার্তা, আলিপুরদুয়ার, ২০ সেপ্টেম্বর : আলিপুরদুয়ারের বীরপাড়া পুলিশ লাইন এলাকায় ফের একবার অবৈধ নির্মাণ ভেঙে দিল প্রশাসন। শুক্রবার সকাল সাড়ে দশটা নাগাদ পুলিশ লাইন এলাকায় অবৈধ নির্মাণ ভাঙে প্রশাসন। জানা গিয়েছে, মুখ্যমন্ত্রীর নির্দেশের পর আলিপুরদুয়ার জেলায় একাধিক জায়গায় সরকারি জমি জবরদখল করে তৈরি করা অবৈধ নির্মাণ ভেঙে দেয় জেলা প্রশাসন। গত ২ মাস আগে বীরপাড়া পুলিশ লাইন এলাকায় একাধিক অবৈধ নির্মাণ ভেঙে দেওয়া হয়। সেইসময় একটি অবৈধ নির্মাণের একাংশ ভেঙে দিয়ে বাকি নির্মাণটি ভেঙে দেওয়ার নির্দেশ দেয় প্রশাসন। এই নির্দেশের পরও কোনও কাজ না হওয়ায় এদিন সেই অবৈধ নির্মাণ সম্পূর্ণ ভেঙে দেওয়া হয়। এদিন অবৈধ নির্মাণ ভাঙতে গেলে বাসিন্দাদের ক্ষোভের মুখে পড়তে হয়। উপস্থিত ছিলেন আলিপুরদুয়ারের মহকুমা শাসক বিপ্লব সরকার।

পুলিশের নাকা তল্লাশিতে উদ্ধার ৯৩ বোতল অবৈধ মদ

খড়িবাড়ি, ২০ সেপ্টেম্বর : পুলিশের নাকা তল্লাশিতে উদ্ধার ৯৩ বোতল অবৈধ মদ। বাজেয়াপ্ত একটি পিকআপ ভ্যান। খড়িবাড়ির বাংলা-বিহার সীমান্তের চক্রমারির চেকপোস্টের ঘটনা। গতকাল গোপন সূত্রে খবর পেয়ে নাকা তল্লাশিতে একটি পিকআপ ভ্যান আটক করে খড়িবাড়ি থানার পুলিশ। পিকআপ ভ্যান আটক করাতেই সুযোগ বুঝে চম্পট দেয় চালক। পরে আটক গাড়িটিতে তল্লাশি চালিয়ে ৯৩ বোতল অবৈধ মদ উদ্ধার করে পুলিশ। ঘটনায় আটক পিকআপ ভ্যানটিকে বাজেয়াপ্ত করা হয়েছে। পুলিশ সূত্রে জানা যায়, ৯৩ টি বোতলে ৮৩৭ লিটার অবৈধ বিলেতি মদ উদ্ধার করা হয়েছে,যার আনুমানিক বাজার মূল্য ৫ লক্ষ টাকা। পাশাপাশি অসাধু ব্যবসায়ী এধরনের ব্যবসা করে আসছে,তার ঠেকাতে লাগাতার অভিযান চলছে এবং সমাজকে বাঁচাতে পুজার মুহূর্তে আরো নজরদারি বাড়ানো হবে বলে এসডিপিও নকশালবাড়ি বিনোদ বিহারী মিনা জানান।

সাফারির টানে বক্সার বিকল্প হয়ে উঠতে চায় চিলাপাতা



পুলিশ অভিযানও চালিয়েছে। তবে তাতে যাতে বাদবাকি প্রপাটিগুলির কোনও বদনাম না হয়, সেজন্য পর্যটন ব্যবসায়ীরা খুব সতর্ক। এক হোমস্টে মালিক এবিষয়ে বলেন, ‘ হোমস্টেগুলো পুরোপুরি নিরাপদ এবং ফার্মিলি ফ্রেন্ডলি। অসামাজিক কাজ এখানে হতে দেওয়া হয় না। সেজন্যই আমাদের হোমস্টেগুলো পর্যটকদের আকর্ষণের অন্যতম কারণ। ইতিমধ্যেই দুর্গাপুজোর বুকিং শুরু হয়েছে। ভালো ব্যবসা হতে বলেই আশা করি।’ চিলাপাতার পর্যটনকেন্দ্র অন্যতম আকর্ষণের জায়গায় জঙ্গল সাফারি। চিলাপাতা রেঞ্জ অফিস থেকে সকালে উঠছে। বিকেলে জিপসি সাফারি করানো

হয়। সেজন্য ৯টি গাড়ি রয়েছে। বর্ষায় তিন মাস জঙ্গল সাফারি বন্ধ থাকায় পর্যটন ব্যবসাও থমকে ছিল। সেই খরা কাটিয়ে আবার ব্যবসায় ফিরতে চায় চিলাপাতা। দুর্গাপুজোর পর শীতের মরশুমেও ভালো ব্যবসার আশা করছেন চিলাপাতার হোমস্টে মালিকরা। আরেক

হোমস্টে মালিকের কথায়, ‘সাফারি খোলার পর পর্যটকদের আনাগোনা শুরু হয়েছে। আলিপুরদুয়ার জেলার পর্যটনকে শ্রু গুলোর মধ্যে জলদাপাড়া, জয়ন্তী, বক্সা ও চিলাপাতা অন্যতম। অন্য

পর্যটনকেন্দ্রগুলোর সঙ্গে টক্কর দিয়ে এবারও ভালো ব্যবসার আশা করছে চিলাপাতা।

দ্রাবিড়ের পর আরও একজনকে নিয়োগ করল রাজস্থান রয়্যালস

জয়পুর, ২০ সেপ্টেম্বরঃ আইপিএল ২০২৫-এর আগে ফ্র্যাঞ্চাইজি তাদের দল ও কোচিং স্টাফ নিয়োগের কাজে ব্যস্ত। এমন পরিস্থিতিতে রাজস্থান রয়্যালস একটি বড় পদক্ষেপ নিয়েছে। সম্প্রতি রাহুল দ্রাবিড়কে তাদের প্রধান কোচ হিসাবে নিয়োগ করেছে। এবার রাজস্থানের কোচিং স্টাফে ঢুকে পড়লেন আরও একজন তারকা। ইনি আর কেউ নন, প্রাক্তন ভারতীয় ক্রিকেটার বিক্রম রাঠোর। রাজস্থান রয়্যালস তাদের ব্যাটিং কোচ হিসাবে বিক্রম রাঠোরকে নিয়োগ করেছে। ১৯৯৬ সালে



ভারতের হয়ে ছয়টি টেস্ট ও সাতটি ওয়ানডে খেলেছিলেন তিনি। রাঠোর ২০১৬ সালে সন্দীপ পাতিলের নেতৃত্বাধীন নির্বাচক কমিটির সদস্যও ছিলেন। কয়েক মাস আগে পর্যন্ত টিম ইন্ডিয়ার কোচিং স্টাফের অংশ ছিলেন বিক্রম রাঠোর। টিম ইন্ডিয়ার ব্যাটিং কোচের দায়িত্ব পালন করছিলেন তিনি। চলতি বছরের জুনে টি-টোয়েন্টি বিশ্বকাপের শিরোপা জয়ের সঙ্গে সঙ্গে তৎকালীন হেড কোচ রাহুল দ্রাবিড়ের সঙ্গে তার মেয়াদ শেষ হয়ে যায়। এবার আইপিএলে রাজস্থানের সঙ্গে যোগ দিতে চলেছেন। দ্রাবিড় বলেছেন যে তাদের দু'জনের মধ্যে দৃঢ় সম্পর্ক তৈরি রয়েছে। তরুণ প্রতিভা লালন এবং খেলোয়াড়দের দক্ষতা বাড়ানোর জন্য বিক্রমের দক্ষতা অমূল্য হবে। রাজস্থান রয়্যালসে একটি বিশ্বমানের দল তৈরি করার লক্ষ্য রাখবেন। দলে যোগ দেওয়ার পরে বিক্রম রাঠোর জানিয়েছেন, রয়্যালস পরিবারের অংশ হতে পারা সৌভাগ্যের ব্যাপার। রাহুলের সঙ্গে ফের কাজ করতে পেরে উচ্ছসিত তিনি। রয়্যালস এবং ভারতের জন্য শীর্ষ মানের খেলোয়াড় তৈরির লক্ষ্যে কাজ করার জন্য উন্মুখ।

অনুশীলন শুরু, ৬ বছর পর টেস্টে ফেরার জন্য প্রস্তুত হার্দিক

দুরন্ত বার্তা প্রতিবেদন

আইপিএলে জিরো থেকে টি-টোয়েন্টি বিশ্বকাপের হিরো-হার্দিক হিমাংশু পাণ্ডিয়ার সম্পর্কে বর্তমানে এই উক্তি সাবলীল ভাবেই পোষন করা যায়। সদ্য সমাপ্ত ভারতের টি-টোয়েন্টি বিশ্বকাপ জয়ের অন্যতম নায়ক তিনি। এছাড়াও একদিনের ক্রিকেটে তাঁর পারফরম্যান্স মুগ্ধ করেছে সমস্ত ক্রিকেটবোদ্ধাদের। তবে সাদা বলের ক্রিকেটে প্রত্যাবর্তন ঘটলেও চোট সমস্যার জন্য লাল বলের ক্রিকেটে দেখা যায়নি মুম্বাইয়ের অলরাউন্ডারকে। প্রায় ৬বছর আগে ইংল্যান্ড সিরিজে শেষবার সাদা জার্সি গায়ে দেখা গিয়েছিল তাঁকে। কিন্তু এবার সাদা পোশাকের ক্রিকেটে ফের দেখা যাবে হার্দিককে। ভারতীয় তারকা অলরাউন্ডার ইতিমধ্যে অনুশীলন শুরু করে দিয়েছেন। চলতি ভারত-বাংলাদেশ সিরিজে জায়গা হয়নি তাঁর। অবশ্য টি-টোয়েন্টি বিশ্বকাপ জেতার পর সংবাদমাধ্যমকে দেওয়া এক সাক্ষাৎকারে হার্দিক জানিয়েছিলেন, পুরোপুরি 'ফর্ট' না



হওয়া পর্যন্ত তিনি টেস্ট ক্রিকেট খেলতে চান না। তবে গতকাল বরোদা ক্রিকেট মাঠে লাল বল হাতে অনুশীলন করতে দেখা গেছে তাঁকে। এছাড়াও বেশ কিছু সূত্র মারফৎ জানা গেছে যে, আগামী কিছুদিনের মধ্যেই জাতীয় ক্রিকেট অ্যাকাডেমিতে যেতে পারেন হার্দিক। সেখানে লাল বলের ক্রিকেটে আরো বেশি করে ঘাম বরারবেন তিনি। এই মুহূর্তে টেস্ট ব্যাক্সিয়ে ২৬টি ম্যাচ খেলে ৩১০৮ পয়েন্ট নিয়ে বর্তমানে দ্বিতীয় স্থানে রয়েছে ভারত। তবে ৬৮টি ম্যাচ

খেলে ৪১১১ পয়েন্ট নিয়ে তৃতীয় স্থানে রয়েছে ইংল্যান্ড। তাই কোনো সিরিজ হারলে টেস্ট চ্যাম্পিয়শিপ ফাইনাল খেলা খুবই কঠিন হয়ে পড়বে ভারতের কাছে। তাই বাংলাদেশ সিরিজ খেলে আসন্ন অস্ট্রেলিয়া সিরিজ নিয়ে বেশ দৃষ্টিভ্রম্য রয়েছে ভারতীয় ক্রিকেট বোর্ড। পায়ের চোটের জন্য মহম্মদ শামিকে এই গুরুত্বপূর্ণ সিরিজে ভারত পাবে কি না সে বিষয়ে এখনো নিশ্চয়তা নেই। তাই অস্ট্রেলিয়ায় টিম ম্যানেজমেন্টের ভাবনায় হার্দিক রয়েছে। হার্দিকের দলে থাকার অর্থ টিমের ব্যালান্স অনেকটাই বেড়ে যাবে। তিন পেসারের সঙ্গে হার্দিক থাকবেন চতুর্থ পেসার হিসেবে। এছাড়াও অস্ট্রেলিয়ার পিচে ব্যাটিং গভীরতাও বাড়বে টিমের। বাংলাদেশের পর ঘরের মাঠে নিউজিল্যান্ড সিরিজ খেলবে ভারত। শোনা যাচ্ছে সেই সিরিজেই অস্ট্রেলিয়া যাওয়ার প্রস্তুতি শুরু করতে চান খোদ কোচ দৌতম গম্ভীর। শোনা যাচ্ছে, এই টেস্ট সিরিজে ঘরের মাঠে বাউন্সি এবং গ্রিন টপ উইকেট রাখা হবে। তাই



নিজের দিক থেকে কোনো খামতি রাখছেন না ভারতের এই তারকা অলরাউন্ডার। প্রসঙ্গত এই বছরটা খুব একটা ভালো যায়নি মুম্বই তারকার। ব্যক্তিগত জীবনে নেমে এসেছে বিবাহবিচ্ছেদের ছায়া। এমনকি পুত্র অগন্ত্যকও পুরোপুরিভাবে নিজের কাছে রাখতে পারেননি তিনি। তবে সবকিছুকে ছাপিয়ে টি২০ বিশ্বকাপে দুরন্ত পারফরম্যান্স করেন হার্দিক। আর সবকিছু টিকাকাল থাকলে আসন্ন নিউজিল্যান্ড সিরিজেই সাদা জার্সি গায়ে মাঠে দেখা যেতে পারে তাঁকে।

সেঞ্চুরি করে সমালোচকদের মুখ বন্ধ করলেন সঞ্জু

অনন্তপুর, ২০ সেপ্টেম্বরঃ চেন্নাইয়ে ভারত ও বাংলাদেশের মধ্যে প্রথম টেস্টে টিম ইন্ডিয়ার টপ অর্ডার রানের জন্য মুখিয়ে রয়েছে। অন্যদিকে সঞ্জু স্যামসন সেঞ্চুরি হাঁকিয়ে জানিয়ে দিয়েছেন, তিনিও এখন টেস্টের জন্য প্রস্তুত। সেঞ্চুরি পূর্ণ করার পর নিজের ইনিংস আর দীর্ঘায়িত করতে না পারলেও বিসিসিআইয়ের কাছে নিজের দাবি তুলে ধরছেন তিনি। এই সেঞ্চুরির সঙ্গে সঙ্গে দলকে সংকট থেকে উদ্ধারেও কাজ করেছেন। সঞ্জু স্যামসন বর্তমানে দলীপ ট্রফিতে নিজেকে আরও একবার চেনাচ্ছেন। বর্তমানে বাংলাদেশের বিপক্ষে টেস্ট খেলা ভারতের দলে তাঁকে রাখা হয়নি। টেস্টে অভিষেকের সুযোগও পাননি সঞ্জু। টি-টোয়েন্টি ও ওয়ানডে দলে নিজের জায়গা পাকা করতে পারেননি এখনও। দলীপ ট্রফিতে ভারত ডি-৭ হয়ে খেলছেন তিনি। সঞ্জু স্যামসন দলীপ ট্রফিতে এই ইনিংস খেলার সময় ১০৬ রান করেছেন এবং মাত্র ১০১ বল খেলে



করেছেন এই রানা। অর্থাৎ তাঁর স্ট্রাইক রেট ছিল ১০০-র বেশি। সঞ্জু স্যামসনের এই ইনিংস নিশ্চিতভাবে ক্রিকেট প্রেমীদের নজর কেড়েছে। বাংলাদেশের সিরিজের জন্য বাকি অংশের জন্য এখনও দল যোগ্য করেনি ভারতীয় ক্রিকেট বোর্ড। সঞ্জু কি ফিরবেন টিম ইন্ডিয়ার জার্সিতে? নতুন করে উঠেছে এই প্রশ্ন। শুধু তাই নয়, বেশ কিছুদিন ধরে খারাপ ফর্মের মধ্য দিয়ে যাওয়া সঞ্জু নিশ্চয়ই এই ইনিংস থেকে অনেক আত্মবিশ্বাস পেয়েছেন। এটি সঞ্জু স্যামসনের ১১তম প্রথম শ্রেণির সেঞ্চুরির ম্যাচ। ইতিমধ্যেই লিস্ট 'এ' ম্যাচে তিনটি ও টি-টোয়েন্টিতে

ইয়ামালের মাইলফলকের রাতে মোনাকোর কাছে বার্সেলোনার হার

মোনাকো, ২০ সেপ্টেম্বরঃ লা লিগায় টানা পাঁচ ম্যাচ জেতার আত্মবিশ্বাস নিয়ে চ্যাম্পিয়নস লিগ খেলতে এসেছিল বার্সেলোনা। কিন্তু ইউরোপ-সেরার মঞ্চের বাস্তবতা যে ভিন্ন, সেটা প্রমাণিত হলো প্রথম ম্যাচেই। মোনাকোর কাছে বার্সা হেরেছে ২-১ গোলে। এই ম্যাচে অবশ্য শুরুতেই বার্সার আত্মবিশ্বাসের ভিত কাঁপিয়ে দেয় এরিক গার্সিয়ার লাল কার্ড। এরপর গোলও খেয়ে ফেলে তারা। পরে রেকর্ড গড়ে যা শেষ করেন লামিনে ইয়ামালা। তাতেও অবশ্য শেষ রক্ষা হয়নি। দ্বিতীয়ার্ধে করা গোলই জয় পায় মোনাকো। চ্যাম্পিয়নস লিগের শুরুতেই এমন হারে খানিকটা যেন চাপেই পড়ে গেল বার্সা। মোনাকোর মাঠে শুরু থেকে বলের দখল রেখে আক্রমণে মনোযোগ দেয় বার্সেলোনা। এ সময় মার্সমার্টের নিয়ন্ত্রণ রাখাই ছিল কাতালান ক্লাবটির মূল লক্ষ্য। তবে বার্সা বড় ধাক্কা খায় ম্যাচের ১০ মিনিটে। বক্সের বাইরে বিপজ্জনকভাবে মোনাকোর তাকুমি মিনামিনেকে ফাউল করায় সরাসরি লাল কার্ড দেখে মাঠ ছাড়েন বার্সা ডিফেন্ডার এরিক গার্সিয়া। ১০ জনের বার্সাকে পেয়ে মুহূর্তের মধ্যে পাশার দান উল্টে দেয় মোনাকো-একের পর এক আক্রমণে চাপে ফেলে দেয় বার্সাকে। যে ধারাবাহিকতায় ম্যাচের ১৬ মিনিটে এগিয়েও যায় ফরাসি ক্লাবটি। দারুণ এক



লক্ষ্যে রাখে তারা। অন্যদিকে কোণ্টাসা বার্সা লক্ষ্যে দূরে থাক, কোনো শটই নিতে পারেনি। এমন পরিস্থিতিতে বার্সাকে ম্যাচে ফেরাতে প্রয়োজন ছিল বিশেষ কোনো জাদুর। খেলার ধারার বিপরীতে সেই জাদুতেই ম্যাচে রোমাঞ্চ ফেলান ইয়ামালা। ২৮ মিনিটে বক্সের বাইরে থেকে দারুণ এক শটে লক্ষ্যভেদ করে বার্সাকে

সমতায় ফেরান এই স্প্যানিশ উইঙ্গার। এটি ছিল চ্যাম্পিয়নস লিগে ইয়ামালের প্রথম গোল। যা তাঁকে চ্যাম্পিয়নস লিগের দ্বিতীয় প্রথম ২৫ মিনিটের মধ্যে ৫টি শট নিয়ে ৬টি



ইয়ামাল করেছেন ১৭ বছর ৬৮ দিনে। শীর্ষে থাকা প্রাক্তন বার্সা থাকা আনসু ফাতি গোল করছিলেন ১৭ বছর ৪০ দিনে। সমতায় ফিরে ম্যাচের লাগাম নেওয়ার চেষ্টা করে বার্সা। একটু পর অল্পের জন্য গোলবঞ্চিতও হয় তারা। তবে ৬২ মিনিটে টের স্টেগেনে দেয়াল তুলে না দাঁড়ালে আবারও এগিয়ে যেতে

পারত মোনাকো। মূলত একজন কম নিয়ে খেলার চাপ, সেটাকেই কাজে লাগানোর চেষ্টা করছিল তারা। ৬৫ মিনিটে গোল করেও ফেলে মোনাকো। কিন্তু অফসাইডের কারণে সে যাত্রায় বেঁচে যায় বার্সা। এরপর বিরতিতে যাওয়ার আগে আরও কয়েকবার গোলের কাছাকাছি গিয়েছিল মোনাকো। কিন্তু সুযোগটা কাজে লাগাতে পারেনি তারা। বিরতির পরও ১০ জনের বার্সাকে চেপে ধরার চেষ্টা করে মোনাকো। টানা কয়েকবার আক্রমণেও যায় তারা। কিন্তু গোল আদায় করতে পারেনি। এ সময় নিজদের রক্ষণ সুদৃঢ় রেখে প্রতি-আক্রমণে যাওয়াতে বেশি মনোযোগ দেয় বার্সা। একজন খেলোয়াড় কম থাকার প্রভাব বার্সার খেলায় বেশ স্পষ্ট ছিল। তবে এরপরও কয়েকটি দারুণ আক্রমণ তৈরি করে তারা, যদিও সেগুলো গোলের জন্য যথেষ্ট ছিল না। কয়েকবার কাছাকাছি গিয়ে বার্সা সুযোগ হাতছাড়া করলেও ৭১ মিনিটে ভুল করেননি মোনাকোর জর্জ লেনিকেন। দারুণ এক আক্রমণে সতীর্থের কাছ থেকে বল পেয়ে দুর্দান্ত ফিনিশিংয়ে দলকে এগিয়ে দেন লেনিকেন। এরপর অবশ্য পেনাল্টি পেয়েছিল মোনাকো। কিন্তু ভিএআরের কারণে সে যাত্রায় বেঁচে যায় বার্সা। এরপরও শেষ রক্ষা হয়নি। শেষ পর্যন্ত আর কোনো গোল না হলে জয় নিয়েই মাঠ ছাড়ে মোনাকো।

রিভিউ না নেওয়াই কাল হল বিরাটের তিনশোর বেশি লিড নিয়ে চালকের আসনেই ভারত

চেন্নাই, ২০ সেপ্টেম্বরঃ টেস্টের প্রথম দিনের মতো দ্বিতীয় দিনেও চালকের আসনে টিম ইন্ডিয়া। ভারতের বোলারদের দাপটে মাত্র ১৪৯ রানেই গুটিয়ে যায় টাইগার্সরা। তৃতীয় সেশনে প্রায় দেড় ঘণ্টা ব্যাটিং করেছে ভারত। প্রথম ইনিংসের মতো দ্বিতীয় ইনিংসেও ব্যাট হাতে দাগ কাটতে ব্যর্থ রোহিত শর্মা, বিরাট কোহলি। তারপরও দ্বিতীয় দিনের শেষে তিনশোর বেশি লিড নিয়েছে টিম

ক্যাচ দেন যশদী। প্রথম ইনিংসে ৫৬ রান করেছিলেন। আর দ্বিতীয় ইনিংসে মাত্র ১০ রানেই থামেন তিনি। আর কোনও উইকেট না হারিয়ে দ্বিতীয় দিনের খেলা শেষ করার সুযোগ ছিল টিম ইন্ডিয়ার কাছে। কিন্তু বিরাট কোহলি রিভিউ না নেওয়ার ফলে ভারতীয় টিম দ্বিতীয় দিন শেষ করেছে ৬ উইকেটে ৮১ রানে। মেহদি হাসান মিরাজ এলবিডরিত করেন বিরাট কোহলিকো। কিন্তু



ইন্ডিয়া। ৬৩ রানে অপরাজিত থেকে মাঠ ছাড়লেন শুভমন গিল এবং ১২ রানে নট আউট ঋষভ পন্থ। চিপকে রোহিত শর্মার ব্যাট একেবারে নিস্প্রভ। প্রথম ইনিংসে ৬ রান করেছিলেন ভারত অধিনায়ক। দ্বিতীয় ইনিংসে ৫ রানে আটকে গেলেন। তৃতীয় ওভারে তাসকিন আহমেদ ফাঁসান রোহিতকে। অফস্টাম্পের সামান্য বাইরের বল। ভেবেছিলেন মাঝ ব্যাটে খেলতে পারবেন। কিন্তু তা হয়নি। কোনায় লেগে থার্ড স্ট্রিকে ক্যাচ জাকির হাসানের। এরপর সপ্তম ওভারে ওপেনার যশদী জয়সওয়ালকে ফেরান নাহিদ রানা। হালকা ভাবে ড্রাইভ করতে গিয়ে উইকেটের পিছনে থাকা লিটন দাসের হাতে

কোহলি আউট ছিলেন না। তিনি ক্রস ব্যাটে খেলেছিলেন। ঝাঁকি ছিলই। অপর প্রান্তে থাকা শুভমনের সঙ্গে বিরাট কথা বলেন। কিন্তু রিভিউ নেননি। পরে টেলিভিশন রিপ্লয়ে দেখা যায়, বল কোহলির প্যাডে লাগার আগে অল্প ব্যাটে লেগেছিল। তাই বিরাট যদি রিভিউ নিতেন, বেঁচে যেতেন। কিন্তু তা করেননি। তাই ৬৭ বলে ১৭ রানে মাঠ ছাড়েন বিরাট। রোহিত শর্মা ডাগআউটে বসে বিরাটের রিভিউ না নেওয়ার সিদ্ধান্ত দেখে হতবাক হয়ে যান। তাঁর প্রশ্ন ছিল একটাই, কোহলি কেন রিভিউ নিলেন না? বিরাট কনফিডেন্ট ছিলেন না। তাই আউট না হয়েও আউট হয়ে মাঠ ছাড়তে হয় কোহলিকে।

হার এড়াল আর্সেনাল, শেষ মুহূর্তে জিতল আতলেতিকো

লন্ডন ও মাদ্রিদ, ২০ সেপ্টেম্বরঃ আর্সেনাল এই মুহূর্তে দারুণ ছন্দে থাকা দল। ইউরোপা লিগ জেতা আতালান্তাও যেকোনো দলের জন্য আতঙ্কের নাম। চ্যাম্পিয়নস লিগে এই দুই দল মুখোমুখি হওয়ায় দারুণ লড়াই আশা করেছিলেন ফুটবলপ্রেমীরা। সে আশা অবশ্য একেবারেই পূরণ হয়নি। আতালান্তার মাঠে ম্যাচটি শেষ হয়েছে গোলশূন্য ড্রয়ে। সমতায় শেষ হওয়ার চেয়ে অবশ্য দুই দলের রক্ষণাত্মক ফুটবলই বেশি হতাশ করেছে দর্শকদের। প্রতিপক্ষের মাঠে ম্যাচের শুরু থেকে আক্রমণে যায় আর্সেনাল। ৬ মিনিটের মধ্যে অন্তত দুবার আক্রমণে শাণায় তারা। যদিও আক্রমণগুলো গোলের জন্য যথেষ্ট ছিল না। শুরুতে আর্সেনাল দাপুটে ফুটবল খেললেও আতালান্তাও একেবারে পিছিয়ে ছিল না। আক্রমণের জবাবগুলো তারা দেয় পাষ্টা-আক্রমণে। কিন্তু কাঙ্ক্ষিত যে গোল, সেটি পাচ্ছিল না তারাও। অবশ্য দুই দলের খেলায় আগ্রাসী মনোভাবের অভাবও ছিল স্পষ্ট। আক্রমণের চেয়ে রক্ষণেই যেন



বেশি মনোযোগ ছিল দুই দলের। এর ফলে যে রোমাঞ্চ আশা করা হচ্ছিল, সেটা দেখা যায়নি। বিরতির পরপর অশুভ দৃশ্যপট বদলে যায়। ৪৮ মিনিটে আতালান্তাকে পেনাল্টি উপহার দেয় আর্সেনাল। কিন্তু সেই উপহার লুফে নিতে ব্যর্থ হয় আয়োজকরা। পেনাল্টি থেকে গোল করতে ব্যর্থ হন মাতোও রেতেগুই। তাঁর শট ঠেকিয়ে দেয় আর্সেনাল গোলরক্ষক ডেভিড রায়। এমনকি কিবিতি হেডও রেতেগুইকে রুখে দেন এই গোলরক্ষক। এর ফলে সুযোগ পেয়েও নিরাশ হতে হয় ইতালির ক্লাবটিকে। পেনাল্টি নিয়ে



তৈরি হওয়া নাটকীয়তার পর দুই দলই আক্রমণ, প্রতি-আক্রমণে গিয়ে গোল আদায়ের চেষ্টা করে। কিন্তু বন্ধ ঘিরে তৈরি করা ব্যুহ ভাঙতে পারেনি কেউই। ৭০ মিনিটের পর অবশ্য কিছুটা আগ্রাসী

শুরুতে পিছিয়ে পড়েও আরবি লাইপজিগের বিপক্ষে রুদ্রশাস এক জয় পেয়েছে আতলেতিকো মাদ্রিদ। এদিন ম্যাচের ৪ মিনিটেই বেনিয়ামি সেসসকোর গোলে এগিয়ে যায় লাইপজিগ। ২৮ মিনিটে আতোয়ান গ্রিজমানের গোলে সমতায় ফেরে আতলেতিকো। এরপর ম্যাচ যখন সমতায় শেষ হওয়ার অপেক্ষায়, তখন ৯০ মিনিটে জোসে মারিয়া হিমেনেজের গোলে জয় নিয়ে মাঠ ছাড়ে আতলেতিকো। এর আগে আরেক ম্যাচে ফেইনর্দুকে উড়িয়ে দিয়েছে বায়ার লেভারকুসেন। তাদের জয় ৪-০ গোলে। জার্মান চ্যাম্পিয়নদের দারুণ ফুটবলের সান্নায়ে সুবিধা করে উঠতে পারেনি ফেইনর্দু। বড় ব্যবধানের হার নিয়েই ফেইনর্দুকে ছাড়তে হয়েছে মাঠ।

সুচিকিংসা

২৬ বর্ষ ● দশম সংখ্যা ● ১ সেপ্টেম্বর ২০২৪

ভাইরাল ফিবার

সুচিকিংসা এখন অনলাইনে পড়তে পাশের কোডটি স্ক্যান করুন